

নরসিংদীর পলাশ উপজেলার ইছাখালি ফাজিল ডিগ্রি মাদরাসার অধ্যক্ষকে পেটালেনের অভিযোগ উঠেছে ওই মাদরাসার ম্যানেজিং কমিটির সদস্য আব্দুর রহিম পাঠানের বিরুদ্ধে। গত সোমবার বিকেলে উপজেলার গজারিয়া ইউনিয়নের তালতলি বাজার এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় গত সোমবার রাতেই ভুক্তভোগী অধ্যক্ষ আ ক ম রেজাউল করিম বাদী হয়ে পলাশ থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

লিখিত অভিযোগ ও মাদরাসা সূত্রে জানা যায়, ম্যানেজিং কমিটির সদস্য রহিম পাঠানের ছেলে একই মাদরাসার শিক্ষার্থী বকেয়া পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ না করায় অধ্যক্ষের বাধায় পরীক্ষা দিতে পারেনি।

বিজ্ঞাপন

এরপর বিকেলে অধ্যক্ষ রেজাউল মোটরসাইকেলে বাড়ি ফেরার পথে তাঁকে মারধর করেন রহিম।